

একই স্মারক ও তারিখ প্রতিস্থাপিত  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭  
(প্রশাসন শাখা)  
[www.doict.gov.bd](http://www.doict.gov.bd)

স্মারক নম্বর- ৫৬.০০.০০০০.০০৮.২৩.০০৭.১৯.১৫৫৮

তারিখ: ০৬ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ  
২১ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়: আগামী ১২ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ তারিখে “ডিজিটাল বাংলাদেশ দিবস” আয়োজন উপলক্ষে দিনব্যাপী কর্মসূচিতে বিশুদ্ধ পানি সরবরাহ প্রসঙ্গে।


সূত্র: আইসিটি বিভাগের স্মারক নম্বর ৫৬.০০.০০০০.০২৬.২৩.০৪২.১৭ (২য় খন্ড)-৭৫; তারিখ: ১৭/১১/২০১৯ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সহযোগিতায় আগামী ১২ ডিসেম্বর ২০১৯ তারিখ দেশব্যাপী বর্ণাঢ্যভাবে ৩য় বারের মত “ডিজিটাল বাংলাদেশ দিবস-২০১৯” উদ্‌যাপিত হবে। এ বছরে দিবসটির প্রতিপাদ্য নির্ধারিত হয়েছে “সত্য মিথ্যা যাচাই আগে, ইন্টারনেটে শেয়ার পরে”। উল্লেখ্য বর্তমান সরকারের ঘোষিত রূপকল্প ২০২১ তথা “ডিজিটাল বাংলাদেশ” বিনির্মাণের মাধ্যমে বাংলাদেশকে উন্নত বিশ্বের সারিতে প্রতিষ্ঠিত করার প্রত্যয়ে রূপকল্প ঘোষণার দিনের (১২ ডিসেম্বর ২০০৮) গুরুত্ব ও তাৎপর্য অনুধাবন করে মন্ত্রিসভা বৈঠক ১২ ডিসেম্বরকে “ডিজিটাল বাংলাদেশ দিবস” হিসেবে পালনের অনুমোদন দেয়।

২। আগামী ১২ ডিসেম্বর ২০১৯ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র (বিআইসিসি)-তে এ দিবসের মূল অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি প্রধান অতিথির আসন অলংকৃত করতে সানুগ্রহ সম্মতি জ্ঞাপন করেছেন। মন্ত্রিপরিষদ বিভাগের মাননীয় সদস্যবৃন্দ, মাননীয় সংসদ সদস্যবৃন্দ, বিদেশী কূটনৈতিকবর্গ, সরকারী/বেসরকারী পর্যায়ের উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ, দেশ-বিদেশী আইসিটি বিশেষজ্ঞ ও অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ মূল অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। মূল অনুষ্ঠানের পর ঐদিন বিকাল ০৩:০০ টায় ঢাকাস্থ সোহরাওয়ার্দী উদ্যানে দিবসটিকে স্মরণীয় রাখার জন্য একটি মনোজ্ঞ কনসার্ট (কনসার্ট ফর ডিজিটাল বাংলাদেশ) অনুষ্ঠিত হবে। মূল অনুষ্ঠানের আমন্ত্রিত অতিথিবৃন্দ, শিক্ষার্থীবৃন্দ ও সাধারণ জনগণ অনুষ্ঠিত কনসার্টটি উপভোগ করবেন। সে লক্ষ্যে বর্ণিত দিবস উপলক্ষে আগামী ১২ ডিসেম্বর ২০১৯ তারিখে দিনব্যাপী নিম্নলিখিত কর্মসূচিতে বিশুদ্ধ পানি সরবরাহ নিশ্চিত করা প্রয়োজন।

- র্যালী (সংসদের দক্ষিণ প্লাজা হতে খামারবাড়ি মোড় পর্যন্ত) চলাকালীন সময় (সকাল ০৭:৩০ – সকাল ০৮:৩০) বিশুদ্ধ খাবার পানি সরবরাহ;
- মূল অনুষ্ঠানে অংশগ্রহণের নিমিত্ত দেশের বিভিন্ন জেলা হতে আগত নারী উদ্যোক্তা ও পুরুষ উদ্যোক্তাগণের জন্য বাণিজ্য মেলার মাঠে প্রস্তুতকৃত তীবুতে ২০০০ জনের বিশুদ্ধ খাবার পানি সরবরাহ এবং শৌচাগারের পানির ব্যবস্থা; এবং
- বিকাল ০৩:০০ টায় ঢাকাস্থ সোহরাওয়ার্দী উদ্যানে কনসার্ট চলাকালীন সময় সোহরাওয়ার্দী উদ্যান এলাকার নির্ধারিত স্থানে সার্বক্ষণিক বিশুদ্ধ খাবার পানি সরবরাহ।

৩। এমতাবস্থায়, আগামী ১২ ডিসেম্বর ২০১৯ তারিখে দিনব্যাপী কর্মসূচির উল্লিখিত এলাকায় সার্বক্ষণিক বিশুদ্ধ খাবার পানি সরবরাহ ও শৌচাগারে পানির ব্যবস্থা নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

  
(এ. বি. এম. আরশাদ হোসেন)  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)  
ফোন: +৮৮০ ২ ৮১৮১১০০  
ইমেইল: dg@doict.gov.bd

ব্যবস্থাপনা পরিচালক  
ঢাকা ওয়াসা।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

- ১। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২। সিনিয়র সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। নির্বাহী প্রকৌশলী, মডস জোন-৩, ঢাকা ওয়াসা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৫। অফিস কপি।